গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ও কারা অধিদপ্তর-এর আওতাধীন সমাপ্ত প্রকল্প/স্থাপনাসমূহের উদ্বোধন সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ**

**সভা : ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন, অঃদাঃ (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**তারিখ ও : ২৪ ডিসেম্বর ২০২০, বিকাল ০৪.০০ টা**

**স্থান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষ।**

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি, সভার শুরুতেই আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জনাব মো: আবদুল কাদির, উপসচিব (প্রশাঃ-৩, অঃদাঃ প্রশাঃ-১)-কে অনুরোধ করেন। তিনি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ও কারা অধিদপ্তর-এর আওতাধীন সমাপ্ত প্রকল্প/স্থাপনাসমূহের উদ্বোধন উপলক্ষ্যে গত ২২.১২.২০২০ তারিখে এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত সভায় উপস্থাপন করেন।

সদস্য সচিব, সভাকে আরো জানান, আগামী ২৭.১২.২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ও কারা অধিদপ্তর-এর আওতাধীন সমাপ্ত প্রকল্প/স্থাপনাসমূহের উদ্বোধন করা হবে। সে জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ ও যথাসময়ে কার্যসম্পাদনের জন্য সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট অধিদপ্তরসমূহ ২৫-২৬ ডিসেম্বর ২০২০ তারিখ যথারীতি খোলা রাখার জন্য অনুরোধ করেন।

**২। আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ :**

**২২.১২.২০২০ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্তসমূহঃ**

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও সচিব মহোদয়ের বক্তৃতা এবং প্রেস বিজ্ঞপ্তি, উদ্বোধনী প্রকল্পসমূহের সংক্ষিপ্ত পরিচিতি (ব্রিফ) প্রস্তুতকরণ কমিটির নিধারিত কার্যক্রমঃ**<br>• বক্তৃতা ,বাণী ও প্রেস বিজ্ঞপ্তি ইত্যাদির খসড়া প্রস্তুতপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ। | • এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যবৃন্দ, সিনিয়র সচিব/সচিব,মহাপরিচালকসহ আমন্ত্রিত অতিথিদের জন্য ২০টি ফোল্ডার প্রস্তুত করা। | সংশ্লিষ্ট কমিটি/উপসচিব প্রশাসন-১ |

| | | | |
|---|---|---|---|
| | • উদ্বোধনের অপেক্ষায় প্রকল্প/স্থাপনাসমূহের ব্রিফ প্রস্তুত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>• প্রধানমন্ত্রীর ভাষণের খসড়া প্রস্তুত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>• একটি প্রেস বিজ্ঞপ্তি প্রস্তুত করতে হবে।<br><br>• মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের জন্য ২৪.১২.২০২০ তারিখ বিকাল ৫.০০টার মধ্যে ৮টি ফোল্ডার প্রস্তুত করে প্রেরণ করার নির্দেশনা ছিল। ২৪.১২.২০২০ তারিখ বিকাল ৪.০০টায় ৮টি ফোল্ডার প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। | • অনুষ্ঠান শেষে জনাব নাসরিন জাহান, উপসচিব (নিরাপত্তা-৪) কর্তৃক এক পাতার ১টি প্রেস বিজ্ঞপ্তি প্রস্তুত করা। | |
| ২.২ | **(গ) উদ্বোধনী ফলক প্রস্তুতকরণ কমিটির নিধারিত কার্যক্রমঃ**<br><br>• উদ্বোধনী ফলক প্রস্তুতকরণসহ এ সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন<br><br>• একই স্থান হতে সমান মাপের এবং সাদৃশ্যপূর্ণভাবে ফলকগুলো তৈরি করা।<br><br>• ৩০ ইঞ্চি×৩৬ ইঞ্চি মাপের নাম ফলক তৈরি করা।<br><br>• সবুজ কালার (বড় ফন্ট)<br><br>• নমুনা ফলকগুলো উদ্বোধনী স্টেজের পাশে স্থাপন ও উদ্বোধনের জন্য লাল ভেলবেট কাপড় পরিবৃতকরণ।<br><br>• ইলেক্ট্রনিক পদ্ধতিতে উদ্বোধন করার ব্যবস্থা গ্রহণ।<br><br>• ফলক প্রস্তুতের কাজ শেষ হয়েছে মর্মে সংশ্লিষ্ট কমিটির আহবায়ক ও সদস্যবৃন্দ সভাকে জানান।<br><br>• মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনের জন্য সকল প্রকল্পের নাম ফলকের (২৮)টি অনুমোদিত সফটকপি ২৪.১২.২০২০ তারিখ দুপুর ১২টার মধ্যে প্রস্তুত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা ছিল। | • উদ্বোধনী ফলক ২৫ ডিসেম্বর ২০২০-এর মধ্যে সংশ্লিষ্ট ভেন্যুতে স্থাপনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা<br><br>• উদ্বোধনী ফলকের সফটকপি (ওয়ার্ডফরমেটে) জনাব মোঃ আইয়ুব হোসেন (প্রোগ্রামার), সুরক্ষা সেবা বিভাগ বরাবর জরুরিভিত্তিতে প্রেরণ করা।<br><br>• মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনের জন্য সকল প্রকল্পের নাম ফলকের (২৮)টি অনুমোদিত সফটকপি যথাসময়ে প্রেরণ করা হয়েছে। | মহাপরিচালক/ সংশ্লিষ্ট কমিটি |
| ২.৩ | **প্রধানমন্ত্রীর কার্যালয় ও এসএসএফ-এর সাথে সমন্বয় কমিটির নিধারিত কার্যক্রমঃ** কমিটি কর্তৃক প্রধানমন্ত্রীর কার্যালয় ও এসএসএফ-এর সাথে সমন্বয়সহ যাবতীয় কার্য সম্পাদন।<br><br>• যোগাযোগ অব্যাহত আছে। | • প্রধানমন্ত্রীর কার্যালয় ও এসএসএফ-এর সাথে সমন্বয় কমিটির নিধারিত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা। | মহাপরিচালক/ সংশ্লিষ্ট কমিটি |
| ২.৪ | **ভেন্যু ব্যবস্থাপনা কমিটির নিধারিত কার্যক্রমঃ**<br><br>• ভেন্যু ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;<br><br>• প্রত্যেক অধিদপ্তরের স্লোগানসম্বলিত ব্যানার ও ফেস্টুন দিয়ে ভেন্যু সজ্জিতকরণ | • মঞ্চ তৈরিকরণ কার্যক্রম দ্রুত সম্পাদন করা;<br><br>• প্রত্যেক অধিদপ্তরের স্লোগানসম্বলিত ড্রপডাউন ব্যানার, ফেস্টুন ইত্যাদি দিয়ে | মহাপরিচালক/ সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | • মঞ্চ তৈরিকরণ;<br><br>• ইন্টারনেট ক্যাবল লাইন সংযোজন;<br><br>• কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে অতিথিদের আসন বিন্যাস নিশ্চিতকরণ (স্টিকারসহ);<br><br>• ব্যানার প্রণয়ন ও অনুমোদনগ্রহণ প্রায় শেষ পর্যায়ে;<br><br>• পর্যাপ্ত ইন্টারনেট, মাইক্রোফোন ব্যবস্থা নিশ্চিত করা হচ্ছে।<br><br>• কমিটির আহবায়কসহ সদস্যবৃন্দ সরোজমিনে ভেন্যু পরিদর্শন করেছেন।<br><br>• নির্ধারিত সময়ে সকল প্রস্তুতি সম্পন্ন হবে মর্মে কমিটি জানিয়েছেন।<br><br>• স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের তালিকা ২৪.১২.২০২০ তারিখ বেলা ১১.০০টার মধ্যে প্রস্তুত করে ই-মেইলে প্রেরণ করার নির্দেশনা ছিল।<br><br>• ইন্টারনেট কানেক্টেভিটির যাবতীয় কাজ সম্পন্ন করবে কাজলা টেকনোলজিস লিমিটেডের জনাব সাফাতুর রহমান, ম্যানেজার প্রজেক্ট এ মর্মে নির্দেশনা ছিল।<br><br>• ইন্টারনেট কানেক্টেভিটির সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। | ভেন্যু সুসজ্জিত করা।<br><br>• ইন্টারনেট ক্যাবল লাইন সংযোজন,পর্যাপ্ত ইন্টারনেট, মাইক্রোফোন ইত্যাদির সুব্যবস্থা নিশ্চিত করা।<br><br>• কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে অতিথিদের আসন বিন্যাস নিশ্চিতকরণ (স্টিকারসহ);<br><br>• মঞ্চতৈরি, ইন্টারনেট ক্যাবল লাইন সংযোজনসহ যাবতীয় খরচ সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক সমহারে বহন করা।<br><br>• ২৬.১২.২০২০ তারিখে বিকাল ৩.০০ টায় উদ্বোধনী অনুষ্ঠানের মহড়ায় সংশ্লিষ্ট সকলে উপস্থিত থেকে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা।<br><br>• ২৭.১২.২০২০ তারিখের চূড়ান্ত মহড়া যথাযথভাবে সম্পন্ন করা।<br><br>• ভেন্যু ব্যবস্থাপনা সংক্রান্ত যাবতীয় কার্যাবলি নির্ধারিত সময়ে সম্পাদন করা ; | |
| ২.৫ | **আপ্যায়ন কমিটির নিধারিত কার্যক্রমঃ**<br><br>• অতিথিদের নাস্তার মেন্যু নির্বাচন ও অনুমোদন গ্রহণ;<br><br>• স্বাস্থ্যবিধি মেনে নাস্তা পরিবেশন ।<br><br>• আগত অতিথিদের জন্য আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ সংক্রান্ত সকল কার্যাদি সম্পাদন কার্যক্রম চলমান; | • আগত অতিথিদের জন্য আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ সংক্রান্ত সকল কার্যাদি নির্ধারিত সময়ে সম্পাদন করা। | মহাপরিচালক/<br><br>সংশ্লিষ্ট কমিটি |
| ২.৬ | **ভিডিও প্রস্তুতকরণ কমিটির নিধারিত কার্যক্রমঃ** কমিটি কর্তৃক ৪ (চার) মিনিটের একটি ভিডিও প্রস্তুতকরণ এবং প্রদর্শনের জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি।<br><br>**আমন্ত্রণপত্র প্রণয়নঃ** আমন্ত্রণপত্র প্রস্তুতকরণের যাবতীয় কার্যাদি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।<br><br>• কারা অধিদপ্তর এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর প্রতিনিধি জানান তাদের ভিডিও প্রস্তুত কার্যক্রম এখনো সম্পন্ন হয়নি। এ বিষয়ে সভায় চরম অসন্তোষ প্রকাশ করা হয়। সভায় কারা অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোঃ সাজ্জাদ | • অত্যন্ত জরুরিভিত্তিতে সংশ্লিষ্ট ভিডিও প্রস্তুতপূর্বক প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ এবং প্রাপ্তি নিশ্চিত করা। | মহাপরিচালক/<br><br>সংশ্লিষ্ট কমিটি |

| | | | |
|---|---|---|---|
| | হোসেন, সহকারী কারামহাপরির্শক জনাব মোঃ তৌহিদুল ইসলাম, ডিআইজি (প্রিজন) ও ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর প্রতিনিধি জনাব মোঃ শিহাব উদ্দিন খান, পরিচালক(প্রশাসন ও অর্থ)-কে ২৪.১২.২০২০ তারিখ রাতের মধ্যে এ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় এবং অবিলম্বে প্রধানমন্ত্রীর কার্যালয় আবশ্যিকভাবে প্রেরণের জন্যও নির্দেশনা দেয়া হয়।<br>• প্রকল্প সম্পর্কিত ৪ (চার) মিনিটের একটি ভিডিও ২৪.১২.২০২০ তারিখ দুপুর ১২টার মধ্যে প্রস্তুত করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করার নির্দেশনা ছিল। | | |
| ২.৭ | **আমন্ত্রণপত্র বিতরণঃ** আমন্ত্রিত অতিথিদের তালিকা নির্ভুলভাবে প্রণয়ন, প্রয়োজনে সংশ্লিষ্ট দপ্তর/অতিথির সাথে যোগাযোগ করে বিশুদ্ধ নাম, পদবী ও ঠিকানা লিপিবদ্ধপূর্বক আমন্ত্রণপত্র প্রেরণ।<br>• আমন্ত্রণপত্র নির্বাচিত অতিথিদের বরাবর যথাযথভাবে প্রেরণ এবং প্রাপ্তি নিশ্চিতকরণ এবং সার্ভিস রিটার্ন সংরক্ষণ ।<br>• ভিআইপি অতিথিদের আমন্ত্রণপত্র কর্মকর্তার মাধ্যমে প্রেরণ নিশ্চিতকরণ।<br>• জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১) সভাকে জানান , স্থায়ী কমিটির ৩ জন মাননীয় সদস্য যথাক্রমে জনাব সামছুল আলম দুদু (সংসদীয় আসন-৩৪), জনাব কুজেন্দ্র লাল ত্রিপুরা (সংসদীয় আসন-২৯৮), জনাব নূর মোহাম্মদ (সংসদীয় আসন-১৬৩) উদ্বোধনী অনুষ্ঠানে সরাসরি অংশগ্রহণ করবেন না তবে ভার্চুয়ালি সংযুক্ত থাকবেন।<br>• জনাব খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) সুরক্ষা সেবা বিভাগ জানান যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় ৮ জন সদস্যেরে সাথে ব্যক্তিগত পর্যায়ে ফোনালাপ হয়েছে। | • অবশিষ্ট আমন্ত্রণপত্র অতিথিদের বরাবর যথাযথভাবে প্রেরণ এবং প্রাপ্তি নিশ্চিতকরণ<br>• আমন্ত্রণপত্র নির্বাচিত অতিথিদের বরাবর যথাযথভাবে প্রেরণ এবং প্রাপ্তি নিশ্চিতকরণ এবং সার্ভিস রিটার্ন সংরক্ষণ করা ।<br>• ভিআইপি অতিথিদের আমন্ত্রণপত্র কর্মকর্তার মাধ্যমে প্রেরণ নিশ্চিত করা।<br>• তালিকাভুক্ত অতিথিবৃন্দের নিকট আমন্ত্রণপত্র বিতরণের পর অবশিষ্ট অতিরিক্ত আমন্ত্রণপত্রসমূহ যথাযথ প্রক্রিয়ায় প্রশাসন-১ শাখায় ফেরত প্রদান করা। | সংশ্লিষ্ট কমিটি |

৩। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যেন যথাযথভাবে বাস্তবায়িত হয় সে জন্য দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে নিস্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি উদ্বোধনী অনুষ্ঠানকে সার্থক করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১২/2020

**ড. তরুণ কান্তি শিকদার**
অতিরিক্ত সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

৫৮.০০.০০০০.০১৪.৯৯.০০১.২০-২৪৭ তারিখ ঃ ০৯ পৌষ ১৪২৭ / ২৪ ডিসেম্বর ২০২০

**বিতরণ :**

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অনুবিভাগ প্রধান.......................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব ..............................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৩. উপসচিব ............................. (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৪. সিনিয়র সহকারী সচিব..............(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; এবং

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা; এবং
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৫. জনাব মোঃ হাবিবুর রহমান, পরিচালক যুগ্মসচিব (প্রশাসন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
৬. জনাব রিজওয়ান আহমদ, যুগ্মসচিব ও প্রকল্প পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স।
৭. জনাব মোঃ আলী রেজা সিদ্দিকী, যুগ্মসচিব (বহিরাগমন-৩), সুরক্ষা সেবা বিভাগ
৮. জনাব মোঃ শিহাব উদ্দিন খান, পরিচালক (প্রশাসন ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
৯. জনাব কায়সার ইবনে সাইদ, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
১০. জনাব..........................................................................

**অনুলিপি :**

১. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২৪.১২.২০২০

(মোঃ আবদুল কাদির)
উপসচিব